৫7

দৈনিক ইত্তেফাক

তারিখ 01 FEB 1996
পৃষ্ঠা ১ কলাম ৪

## নিরাপত্তার জন্য ৭ প্লাটুন বিডিআর
## ২ সহস্রাধিক পুলিশ মোতায়েন

# আজ প্রধানমন্ত্রীর একুশের বইমেলা উদ্বোধন

জাকারিয়া মিল্টন ॥ গত কয়েকদিনের ক্রমবর্ধমান উত্তেজনা ও গতকাল ক্যাম্পাসে ছাত্রদের উপর পুলিশের অমানবিক হামলার প্রতিবাদে বিশ্ববিদ্যালয় এলাকায় আহূত হরতালের প্রেক্ষাপটে আজ (বৃহস্পতিবার) সকাল ১১টায় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বাংলা একাডেমীতে একুশের বইমেলার উদ্বোধন করিবেন। প্রধানমন্ত্রীর জন্য নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা গড়িয়া তোলার জন্য ঢাকা মহানগর পুলিশ ব্যাপক ব্যবস্থা গ্রহণ করিয়াছে। ৭ প্লাটুন বিডিআর ও প্রায় ২৩শত পুলিশ প্রধানমন্ত্রীর নিরাপত্তা কাজে নিয়োজিত হইবে। বাংলা একাডেমীর সম্মুখের রাস্তার টিএসসি মোড় ও ডেন্টাল কলেজ পূর্বদিকের গেটে পুলিশের বেষ্টনী ও কাঁটাতারের বেড়া দেওয়া হইবে। (শেষ পৃঃ দ্রঃ)

### বইমেলা উদ্বোধন

( ১ম পৃঃ পর )

কোনরূপ মিছিল বা বিক্ষোভকারীকে এ সড়কের অভ্যন্তরে প্রবেশ করিতে দেওয়া হইবে না। পুলিশের ব্যূহ ভেদ করিয়া কেহ যাহাতে একাডেমীর পার্শ্ববর্তী গলিপথে ভিতরে আসিতে না পারে সে জন্য সকল গলিপথের মুখে পুলিশ মোতায়েন করা হইবে। ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার আইন শৃঙ্খলা রক্ষা ও প্রধানমন্ত্রীর নিরাপত্তামূলক ব্যবস্থায় ঢাকা মহানগর পুলিশের ৬জন ডেপুটি পুলিশ কমিশনার সার্বিকভাবে দায়িত্ব পালন করিবেন। ইহাছাড়া সকল থানার ওসিসহ ২৪জন পুলিশ ইন্সপেক্টর, ৮জন এডিসি, ১৮ জন এসি, ৩৫ জন সাব-ইন্সপেক্টর, ৭ জন সার্জেন্ট, ৮ জন এ,এস,আই, ১২৭৮ জন রায়ট ডিভিশনের ফোর্স, ৩৫০ জন এস,এফ-এর ফোর্স, ৮০ জন প্রোটেকশন ফোর্স, ২০ জন মহিলা পুলিশ, প্রধানমন্ত্রীর নিরাপত্তা কাজে নিয়োজিত মহানগর পুলিশের বুলেটপ্রুফ জ্যাকেট সম্বলিত ৪ প্লাটুন ফোর্স এবং পুলিশ কন্ট্রোল রুমে ষ্ট্রাইকিং ফোর্স হিসাবে ৪ প্লাটুন ফোর্সকে মোতায়েন রাখা হইয়াছে। ইহাছাড়া বিডিআরের ৭ প্লাটুন ফোর্স বিশ্ববিদ্যালয় এলাকায় নিয়োজিত থাকিবে। কড়া নিরাপত্তামূলক ব্যবস্থার ভিতরে অতিথিদের আমন্ত্রণপত্র ছাড়া প্রবেশ করিতে দেওয়া হইবে না। একাডেমীর সভাস্থলে যাওয়ার পথে 'মেটাল ডিটেকটারে অতিথিদের দেহ তল্লাশী করা হইবে। ইহাছাড়া কন্ট্রোল রুমে প্রিজনভ্যান, এম্বুলেন্স এবং দমকল বাহিনীর গাড়ী, গরম পানিবাহী লরী প্রস্তুত রাখা হইবে।

ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশের ৩টি ইউনিটের সদস্যরা সাদা পোশাকে এলাকায় তৎপর থাকিবেন।